



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

চকরিয়া সরকারি কলেজ, চকরিয়া, কক্সবাজার
Email: chakariacollege@yahoo.com, Call: 01834-732729
Facebook: Chakaria Government College 'Official Page'




তারিখ: ০৬-১১-২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সমস্ত শিক্ষার্থী এসএসসি ২০২৩ সালে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত হয়েছে তাদেরকে নিম্ন লিখিত শর্তাবলি পূরণপূর্বক আগামী ১৬/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত তথ্যাদি জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে /১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে ;
২. যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ শিক্ষার্থীর এন্ট্রিকৃত হিসাবধারীর নামের স্থলে প্রথমে শিক্ষার্থীর নাম, তারপর and এবং তারপর দ্বিতীয় হিসাবধারীর নাম ইংরেজিতে এন্ট্রি করতে হবে ;
৩. বৃত্তির গেজেটে শিক্ষার্থীর নামের বানান, MIS সফটওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানান এবং হিসাবধারীর নামের বানান এক হতে হবে। বৃত্তির গেজেটে নামের বানানে হাইফেন(-) থাকলে MIS সফটওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানানে হাইফেন দিতে হবে। কিন্তু হিসাবধারীর নামের স্থলে শিক্ষার্থীর নামের বানানে হাইফেনের স্থলে Single Space দিতে হবে ;
৪. শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না ;
৫. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম এক হতে হবে ;
৬. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে ;
৭. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে ;
৮. বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে ;
৯. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক পূরণ করতে হবে।
১০. ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে ;
১১. বিকাশ, শিউর ক্যাশ, নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না ;
১২. তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবে না ;


০৬.১১.২৩
ইন্দ্রজিৎ বড়ুয়া

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা
চকরিয়া সরকারি কলেজ
চকরিয়া, কক্সবাজার।

ইন্দ্রজিৎ বড়ুয়া
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা
চকরিয়া সরকারি কলেজ
চকরিয়া, কক্সবাজার।